লংমার্চের নামে জনগণকে বিভ্রান্ত করছে বিরোধীদল: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির পেছনে বৈশ্বিক সংকটের প্রভাব রয়েছে উল্লেখ না করে বিরোধী দল ব্যক্তিগত আক্রমণ ও নানা বক্তব্যের মাধ্যমে জনগণকে বিভ্রান্ত করছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) দুপুরে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, বিরোধী দল হিসেবে সংসদ ও রাজপথে কর্মসূচি পালন করা তাদের গণতান্ত্রিক অধিকার। এ কারণে সরকার তাদের কোনো কর্মসূচিতে বাধা দেয়নি। তবে বৈশ্বিক পরিস্থিতির কারণে জ্বালানি খাতে যে সংকট তৈরি হয়েছে, সেটি বিবেচনায় না নিয়ে বিরোধীরা জনগণকে বিভ্রান্ত করছে।

রাজশাহী রেলস্টেশনে হামলার প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, সেখানে গুপ্ত সংগঠনের নেতাকর্মীরা নজিরবিহীন হামলা চালিয়েছে। জনগণের সঙ্গে বারবার প্রতারণার কারণে জামায়াতে ইসলামী মানুষের সমর্থন পায়নি বলেও মন্তব্য করেন তিনি। তার অভিযোগ, দলটি এখনও একইভাবে জনগণের সঙ্গে প্রতারণা করে যাচ্ছে।

আলোচনা সভায় রিজভী আরও বলেন, বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বেড়েছে। এ কারণে বর্তমান সংকট কিছুটা হলেও মোকাবিলা করা সম্ভব হচ্ছে। বিশ্বব্যাপী সংকট কমে এলে সাধারণ মানুষের ভোগান্তিও ধীরে ধীরে কমবে বলে আশ্বাস দেন তিনি।